

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য অধিদপ্তর  
হাসপাতাল ও ক্লিনিক সমূহ  
মহাখালী, ঢাকা।

স্মারক নং-স্বা:অধি:/হাস:/বিজ্ঞপ্তি/ডেঙ্গু/২০১৯/৬০০০

তারিখ: ২৮-০৭-২০১৯ খ্রি.

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহের জন্য ডেঙ্গু ব্যবস্থাপনা বিষয়ক নির্দেশনা

বর্তমানে ডেঙ্গু ব্যবস্থাপনা বিষয়ে সাম্প্রতিক কিছু চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ঢাকা শহরের বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের মালিক পক্ষ এর সংগে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক এর আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। সামগ্রিক বিষয় সমূহ বিবেচনায় রেখে উভয় পক্ষ একটি সফল আলোচনায় অংশগ্রহণ পূর্বক সম্মিলিত ভাবে ডেঙ্গুর চ্যালেঞ্জ মোকাবেলা করার সিদ্ধান্তে উপনিত হয়।

সিদ্ধান্ত সমূহ:

- (ক) সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে ডেঙ্গু রোগ ব্যবস্থাপনার জন্য একটি হেল্প ডেস্ক খুলতে হবে।
- (খ) ডেঙ্গু ব্যবস্থাপনার জন্য “National Guideline for Clinical Management of Dengue Syndrom” কঠোর ভাবে অনুসরণ করতে হবে। গাইড লাইনটি [www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd) লিংক এ পাওয়া যাবে।
- (গ) ডেঙ্গু রোগীর রোগ নির্ণয়ে নিম্নবর্ণিত টেস্ট এর জন্য সকল বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান একই User fee গ্রহণ করবে যা আজ হতে (২৮.০৭.২০১৯) কার্যকরী হবে।

- NSI Antigen = ৫০০/- (সর্বোচ্চ)
- IgG & IgM (together) = ৫০০/- (সর্বোচ্চ)
- CBC = ৪০০/- (সর্বোচ্চ)

(ঘ) সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে ডেঙ্গু রোগীর ব্যবস্থাপনার জন্য অতিরিক্ত বেড বাড়তে হবে।

স্বাস্থ্য অধিদপ্তর স্বাস্থ্য সেবায় সকল সরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের কার্যকরী ভূমিকা রাখার জন্য ধন্যবাদ জানাচ্ছে।

  
(ডা: মো: আমিনুল হাসান)

পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

Email: [directorhospital@ld.dghs.gov.bd](mailto:directorhospital@ld.dghs.gov.bd)

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং-৫৫০৬৭১৫১